

## তিনজন বিশ্বস্ত লোক অগ্নিকুণ্ডে পদচারণা করছিলেন

প্রার্থনা : “প্রিয় প্রভু, সেই তিনজন সমর্পিত যিহুদী লোকের মত যাদের রাজা ভয়ঙ্কর অগ্নিকুণ্ডের মধ্যে নিক্ষেপ করেছিলেন। আমাদের শিশুদের তাড়নার মোকাবিলা করতে বিশ্বাস ও সাহাস দাও।”

শিশুদের বয়সের সাথে মানানসই শিক্ষণ কার্যাবলীর যে কোন একটি পছন্দ করুন।

বড় শিশুদের অথবা শিক্ষকদের দানিয়েল তিন অধ্যায় থেকে গল্পটি পাঠ করতে অথবা মন থেকে বলতে দিন। এই গল্পটিতে তিনজন সাহসী লোকের কথা বলা হয়েছে, যারা প্রতিমা পূজা করার পরিবর্তে অগ্নি মৃত্যুর বিষয়টির সম্মুখীন হয়েছিলেন।

এই প্রশ্নগুলো জিজ্ঞাসা করুন। (দানিয়েল ৩ অধ্যায় থেকে প্রতিটি প্রশ্নের পর উত্তর পাওয়া যাবে।)

- রাজা প্রতিমার সামনে লোকদের কি করার আদেশ দিয়েছিলেন? (৫ পদ দেখুন)
- তিনি যখন শুনেছিলেন যে তিনজন লোক প্রতিমার কাছে আরাধনা করেনি, তখন তিনি কি করেছিলেন? (১৩ পদ দেখুন)
- ঈশ্বর কি করতে সক্ষম এই বিষয়ে সেই তিনজন লোক রাজাকে কি বলেছিলেন? (১৭ পদ)
- ঈশ্বর যদি তাদের উদ্ধার না করেন, তবে তারা কি মৃত্যু বরণ করতে আগ্রহী ছিলেন? (১৮ পদ)
- যে সৈনিকরা তাদের অগ্নিকুণ্ডে নিক্ষেপ করেছিলেন তাদের প্রতি কি ঘটেছিল? (২২ পদ)
- রাজা অগ্নিকুণ্ডে কতজন লোককে দেখেছিলেন? (২৫ পদ)

দানিয়েল ৩ অধ্যায় থেকে তিনজন সাহসী এবং বিশ্বস্ত লোকের গল্পটির কয়েকটি অংশের নাট্যরূপ দিন।

শিশুদের এই সংক্ষিপ্ত নাটকটি উপস্থাপন করার জন্য প্রধান উপাসক মণ্ডলীর নেতার সঙ্গে ব্যবস্থা করুন। নাটকটি প্রস্তুতির জন্য শিশুদের সঙ্গে সময় ব্যবহার করুন। সব অংশগুলো ব্যবহার করার প্রয়োজন নেই। বড় শিশুদের ছোটদের প্রস্তুত করতে সাহায্য করতে দিন।

- বড় শিশুদের অথবা প্রাপ্তবয়স্কদের এই অংশগুলো করতে দিন :

বর্ণনাকারী : গল্পটি সংক্ষিপ্ত করবেন এবং শিশুদের পাঠ মুখস্থ করতে সাহায্য করবেন।

রাজা নবুখদনিৎসর : একটা কিছু ধরে থাকবে যা প্রতিমার প্রতিনিধিত্ব করবে।

সেনাপতি।

- শিশুদের নিম্নলিখিত ভূমিকায় অভিনয় করতে দিন :

শত্রুক, মৈশক এবং অবৈদ-নগো

রাজার অধ্যক্ষগণ। কাগজ গুটিয়ে শিঙা তৈরী করবে।

সৈনিকগণ। বল্লমের জন্য লাঠি ও দড়ির জন্য তার থাকবে।

বর্ণনাকারী : দানিয়েল ৩:১-১৩ অংশটি থেকে গল্পের প্রথম ভাগটি বলবে। তারপর বলবে, “শুনুন, রাজা নবুখদনিৎসর কি বলছেন।”

নবুখদনিৎসর : প্রতিমাটাকে এমন একজায়গায় স্থাপন কর যেখান থেকে সবাই দেখতে পারে। তারপর বলবে, “আমি সবাইকে এই মূর্তিটাকে আরাধনা করার আদেশ দিচ্ছি। এটা আমার প্রতিনিধিত্ব করছে। যন্ত্রসংগীত শোনার সঙ্গে সঙ্গে তোমরা যদি এর সামনে প্রণিপাত না কর, তবে আমি তোমাদের জ্বলন্ত অগ্নিকুণ্ডে নিক্ষেপ করব।”

অধ্যক্ষগণ ও সেনাপতি : উচ্চস্বরে শিঙা বাজাবে। তারপর উবুর হয়ে প্রতিমাকে প্রণাম করবে।

শত্রুক, মৈশক এবং অবৈদ-নগো। প্রতিমার সামনে হেঁটে যাবে, কিন্তু দাঁড়িয়ে থাকবে।

সৈনিকগণ : যতক্ষণ না শিঙা বাজা থামছে ততক্ষণ প্রণাম করবে।

অধ্যক্ষগণ : শিঙা বাজানো থামবে। রাজার কাছে যাবে।

সেনাপতি : “মহামহিম রাজা, আপনার তিনজন অধ্যক্ষপ্রতিমার সামনে প্রণিপাত করতে অস্বীকার করেছে।

রাজা (ক্রুদ্ধভাবে) : “সৈনিকগণ! যাও এখনই তাদের আমার কাছে নিয়ে এস!”



বর্ণনাকারী : দানিয়েল ৩:১৪-২৩ পদ থেকে গল্পটির দ্বিতীয় অংশ বলবেন। তারপর বলবেন, “রাজা নবুখদনিৎসর সেই তিন ব্যক্তিকে কি জিজ্ঞাসা করেছেন।”

রাজা : তাদের লক্ষ্য করে বলবেন, “তোমরা কেন আমার মূর্তির আরাধনা কর নি?”

শত্রুক : বলবেন, “আমরা কেবলমাত্র এক সত্য ঈশ্বরের আরাধনা করি?”

মৈশক : “ইচ্ছা করলে সর্বশক্তিমান ঈশ্বর আমাদের রক্ষা করতে পারেন।”

অবেদ-নগো : “এমন কি যদিও ঈশ্বর আমাদেরকে অগ্নিতে নিক্ষিপ্ত হতে দেন, তথাপি আমরা আপনার প্রতিমার আরাধনা করব না।”

রাজা : (চীৎকার করে) “সৈনিকগণ! অগ্নিকুণ্ডের অগ্নি সাতগুণ বৃদ্ধি কর! তাদেরকে সেই অগ্নিকুণ্ডে নিক্ষেপ কর!”

সৈনিকগণ : সেই তিনজনকে শক্ত করে বাঁধবে এবং এককোনে তাদের ঠেলে ফেলে দেবে, যে স্থানটি অগ্নিকুণ্ডের প্রতিনিধিত্ব করবে। তারপর সৈন্যরা যত্ননায় ছটফট করবে, তাদের বর্শা হাত থেকে পড়ে যাবে এবং আগুনের তাপে তারা মারা পড়বে।

বর্ণনাকারী : ২৪-৩০ পদ থেকে গল্পটির তৃতীয় অংশ বলবেন। তারপর বলবেন, “শুনুন, রাজা নবুখদনিৎসর কি বলছেন।”

রাজা : “অগ্নিকুণ্ডে দেখ।” আমরা অগ্নিকুণ্ডে তিনজন লোককে নিক্ষেপ করেছিলাম, কিন্তু আমি চারজনকে দেখছি! চতুর্থ ব্যক্তিকে ঈশ্বরের পুত্রের মত দেখতে লাগছে! শত্রুক, মৈশক অবেদ-নগো বেড়িয়ে এস!”

সেনাপতি : “দেখুন, তাদের দড়ি পুড়ে গেছে, কিন্তু তাদের শরীর থেকে এমন কি ধোঁয়ারও গন্ধ বেরোচ্ছে না!”

রাজা : “শত্রুক, মৈশক এবং অবেদ-নগো, এখন আমি বুঝতে পারছি যে তোমাদের ঈশ্বর যে কোন প্রতিমার থেকে পরাক্রমী।”

বর্ণনাকারী : যারা সাহায্য করেছেন, তাদের সবাইকে ধন্যবাদ দেবে।

প্রশ্নাবলী : শিশুরা যদি বড়দের জন্য নাটকটি করে থাকে, তবে তাদেরকে বড়দের কাছে ওপরের তালিকা থেকে প্রশ্ন জিজ্ঞাসা করতে দিন।



অঙ্কন : অগ্নিশিখার মধ্যে দগুয়মান চারজন লোকের ছবি আঁকুন। শিশুদের ছবিটি নকল করতে দিন। পরবর্তী আরাধনার সময় তাদের ছবিগুলো বড়দের কাছে দেখাতে দিন এবং ব্যাখ্যা করতে বলুন ঈশ্বর কিভাবে আমাদের তাড়না থেকে রক্ষা পেতে সাহায্য করেন।

ঈশ্বরের লোকেরা দুঃখভোগ করেছে, এই সম্বন্ধে শিশুদের কাছে অন্যান্য উদাহরণ জিজ্ঞাসা করুন। ঈশ্বর তাদের কিভাবে উদ্ধার করেছেন, সেই বিষয়েও জিজ্ঞাসা করুন।

মুখস্থ পদ : ছোটদের যাকোব ১:২ পদ এবং বড়দের যাকোব ১:২-৪ পদ শিখতে দিন।

কবিতা : গীত সতহিতা ১৩৮:৪-৭ পদগুলো একটা করে চারটি শিশুকে আবৃত্তি করতে দিন।

বড় শিশুদের সপ্তাহের বিষয়ের ওপর কবিতা বা গান লিখতে দিন।

প্রার্থনা : “প্রিয় প্রভু, তিনজন ইস্রায়েলীয়ের মত আমরা সর্বদা সাহসী হই না। যখন আমরা তাড়নার সন্মুখীন হব, তখন তোমার ওপর আস্থা রাখতে আমাদের সাহায্য কর। তুমি আমাদের রক্ষা করতে পার। কিন্তু আমরা যদিও তোমার জন্য দুঃখভোগ করি, তথাপি তোমার প্রতি বিশ্বস্ত থাকতে চাই, কারণ তুমি সর্বদা আমাদের সহবর্তী।”